

- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) “‘সাজাহান’ নাটকের ট্রাজেডি যদিও সাজাহানকে কেন্দ্র করেই সাধিত হয়েছে, তবু সমগ্র নাটকটির ঘটনা পরিচালিত হয়েছে ঔরঞ্জীবের দ্বারা।”
উক্তিটির যথার্থ্য প্রতিপন্ন করো।
- (খ) ‘সাজাহান’ নাটকে পিয়ারা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।
- (গ) ‘সাজাহান’ নাটকে গানের ব্যবহারে দ্বিজেন্দ্রলালের কুশলতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ঘ) “আল্লা! মোর যন্তর বাজি লয় না। আল্লা! তার খালি ছিঁড়ি ছিঁড়ি গেল!” এই উক্তির মধ্য দিয়ে বক্তার জীবনের যে মর্মস্বন্দ কাহিনি আভাসিত হয়েছে তা আলোচনা করো।
- (ঙ) “তুলসী লাহিড়ীর ‘ছেঁড়া তার’ নাটকে সামাজিক সমস্যা শেষ পর্যন্ত ব্যক্তিগত সমস্যায় পরিণত হয়েছে। ফলে যুক্তিবোধ ও নাটকীয় ঐক্যও ব্যাহত হতে দেখা যায়।” সমালোচকের এই মন্তব্যের যথার্থতা বিচার করো।
- (চ) ‘ছেঁড়া তার’ নাটকে হাকিমুদ্দিন চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করো।

2018

BENGALI

(Major)

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

- (ক) ‘সাজাহান’ নাটক যাঁর পুণ্যস্মৃতিতে উৎসর্গ করা হয়েছিল, তিনি হলেন
- (১) মাইকেল মধুসূদন দত্ত
(২) রাজা রামমোহন রায়
(৩) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(৪) রবীন্দ্রনাথ ঠাকুর

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

- (খ) “আমার এক ইচ্ছা জাঁহাপনা, আমাকে যথাসাধ্য পীড়ন করুন।” বক্তার নাম কী?

- (১) দারা (২) সোলেমান
(৩) ঔরঞ্জীব (৪) মোরাদ

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(2)

- (গ) 'সাজাহান' নাটকে যে যোধপুরপতি রয়েছেন তাঁর নাম কী?
- (ঘ) 'সাজাহান' নাটকের শেষ সংলাপ উচ্চারণ করেছেন
- (১) সাজাহান
(২) জাহানারা
(৩) মহামায়া
(৪) জহরৎ উম্মিসা (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)
- (ঙ) 'ছেঁড়া তার' নাটকে 'শুনরে গ্রামের কথা শুন দিয়া মন' গানটি কে গেয়েছে?
- (১) ফুলজান
(২) জানুবান
(৩) শ্রীমন্ত
(৪) গোবিন্দ (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)
- (চ) "কথাটার ভেতর খানিকটা সত্য আছে।" বক্তা কে?
- (১) মহিম
(২) হাকিম
(৩) সুশান্ত
(৪) ভবেশ (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)
- (ছ) মহিমবাবুর মেয়ের নাম কী?

(3)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) "আমার হৃদয় এক শাসন জানে। সে শুধু স্নেহের শাসন।" কে, কাকে একথা বলেছেন?
- (খ) "নর্মদার যুদ্ধ জাঁহাপনা! আপনি সেই জয়ের গৌরব করেন?" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?
- (গ) "সে যে মোর দুশমনের বাড়ী বাঁদী হয় আছে।" বক্তা 'দুশমন' বলতে কাকে বুঝিয়েছেন? 'দুশমন'-এর বাড়িতে কে 'বাঁদী' হয়ে আছে?
- (ঘ) "লুট ক্যানে হয়? হামি কি দিবার নারাজ?" কে, কাকে একথা বলেছেন?

৩। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) টীকা লেখো :
যশোবন্ত সিংহ অথবা সুজা
- (খ) "তারা জানুক, সম্রাট সাজাহান স্নেহশীল—কিন্তু দুর্বল নয়।" কে, কি প্রসঙ্গে একথা বলেছেন? প্রসঙ্গটি অতি সংক্ষেপে বর্ণনা করো। ১+৪=৫
- (গ) "আর আমি এখানে দাঁড়িয়ে এ কথা শুনবো না। প্রলোভন বড়ই অধিক। হৃদয় বড়ই দুর্বল।" কে, কাকে, কখন একথা বলেছেন? ১+১+৩=৫
- (ঘ) টীকা লেখো :
গোবিন্দ অথবা শ্রীমন্ত
- (ঙ) "তোমাদের research যে কোনো কাজেই লাগে না। এদেশের চাষারা এমন জড় যে নতুন idea তারা কিছুতেই নিতে চাইবে না।" কথাটি বিশদ করো।